

**এ' এবং 'ও' লেভেলে
আজকের পরীক্ষা**
স্বাগিত

■ ইত্তেফাক রিপোর্ট

বিএনপি নেতৃত্বাধীন ১৮ দলের ডাকা টানা অবরোধ-ও-হরতালের কারণে আজ মঙ্গলবারের 'এ' লেভেল এবং 'ও' লেভেল পরীক্ষা স্থগিত করা হয়েছে। ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের মিডিয়া কমিউনিকেশন অফিসার শ্যাকিলা আজিম এ তথ্য জানিয়েছেন। এ পরীক্ষা ২৯ জানুয়ারি পর্যন্ত চলায় কথা রয়েছে। ব্রিটিশ কাউন্সিলের এই কর্মকর্তা জানান, শুধু মঙ্গলবারের পরীক্ষা স্থগিত হয়েছে। অন্যান্য দিনের পরীক্ষা স্থগিত হওয়ার বিষয় এখনো সিদ্ধান্ত হয়নি।

পরীক্ষা চলাকালীন সময় হরতাল বা অবরোধ না দেয়ার অনুরোধ জানাতে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার গুলশানের বাসভবনে গিয়েছিলেন 'এ' লেভেল পরীক্ষার্থীদের পাঠজন অভিভাবক। কিন্তু চেয়ারপারসনের সাক্ষাতের অনুমতি না থাকায় তারা দেখা করতে পারেননি।